বাংলাদেশ ব্যাংক
ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
প্রধান কার্যালয়
ঢাকা।

বিজ্ঞপ্তি নম্বর: ১৫৪/২০২০

তারিখঃ ০২ অগ্রহায়ণ, ১৪২৭
১৭ নভেম্বর,২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত রূপালী ব্যাংক লিমিটেড এ নিম্নবর্ণিত সংখ্যক শূন্য পদসমূহ প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

<table>
<tr><th>ক্রমিক</th><th>শিরোনাম</th><th>বিবরণ</th></tr>
<tr><td>১.</td><td>পদের নাম</td><td>সিনিয়র অফিসার (এসিস্ট্যান্ট নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার) (২০১৮ সাল ভিত্তিক)</td></tr>
<tr><td>২.</td><td>Job ID No</td><td>10110 যা আবেদন ফি প্রদানের সময় নির্ধারিত স্থানে ব্যবহার করতে হবে। ভুল Job ID No ব্যবহারপূর্বক ফি জমা দিলে আবেদন সম্পন্ন হবে না এবং কোনোক্রমেই সিস্টেম হতে জমাকৃত টাকা ফেরত পাওয়া যাবে না।</td></tr>
<tr><td>৩.</td><td>পদ সংখ্যা</td><td>৬০টি</td></tr>
<tr><td>৪.</td><td>বেতন স্কেল</td><td>জাতীয় বেতন স্কেল ২০১৫ এর টাকা ২২০০০-২৩১০০-২৪২৬০... ... -৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।</td></tr>
<tr><td>৫.</td><td>শিক্ষাগত যোগ্যতা</td><td>
ক) যে কোন বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স বিষয়ে স্নাতক ডিগ্রী থাকতে হবে।
খ) শিক্ষা জীবনের কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না।
গ) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ
(১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-
<table>
<tr><td>জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব</td><td>প্রথম বিভাগ</td></tr>
<tr><td>জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম</td><td>দ্বিতীয় বিভাগ</td></tr>
</table>
(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-
<table>
<tr><th colspan="2">অর্জিত সিজিপিএ</th><th rowspan="2">সমতুল্য শ্রেণি/বিভাগ</th></tr>
<tr><td>৪.০০ পয়েন্ট স্কেলে</td><td>৫.০০ পয়েন্ট স্কেলে</td></tr>
<tr><td>৩.০০ বা তদূর্ধ্ব</td><td>৩.৭৫ বা তদূর্ধ্ব</td><td>প্রথম বিভাগ/শ্রেণি</td></tr>
<tr><td>২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম</td><td>২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম</td><td>দ্বিতীয় বিভাগ/শ্রেণি</td></tr>
</table>
ঘ) প্রার্থীকে Aptitude Test এবং প্রোগ্রামিংসহ ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
ঙ) কোন স্বীকৃত পেশাদার (Professional) কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হতে হবে।
</td></tr>
</table>

৬. **বয়স (০১/০৭/২০১৯ তারিখে) :** ক) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর।
খ) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

৭. **আবেদনপত্র পূরণ ও ফি প্রদানের শেষ তারিখ ও সময়** :০২/১২/২০২০ তারিখ, রাত ১১.৫৯ টা।

৮. **Tracking Page সংগ্রহের শেষ তারিখ ও সময়** :০৬/১২/২০২০ তারিখ, রাত ১১.৫৯ টা।

৯. **আবেদন ফি এর পরিমাণ:** পরীক্ষার ফি অফেরতযোগ্য **টা. ২০০/-(টাকা দুইশত মাত্র)** যা ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর Payment Gateway **'রকেট'** এর মাধ্যমে প্রদান করতে হবে।

১০. **আবেদন পদ্ধতি:**

ক. **Online Application Form:** শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) -এর Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। Online এ আবেদন দাখিলের সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে।

খ. **প্রার্থীর বিবরণ:** প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লেখা আছে Online আবেদনে ঠিক সেভাবে লিখতে হবে।

গ. **প্রার্থীর স্থায়ী ঠিকানা:** প্রার্থীর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদে উল্লিখিত স্থায়ী ঠিকানা প্রার্থীর স্থায়ী ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে। তবে অবিবাহিত মহিলা প্রার্থীগণ আবেদন দাখিলের পরে বিবাহবন্ধনে আবদ্ধ হলে যথাযথ প্রমাণ সাপেক্ষে স্বামীর স্থায়ী ঠিকানার অনুকূলে নিজের স্থায়ী ঠিকানা পরিবর্তন করতে পারবেন।

ঘ. **ছবি (Photo):** বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে ইতঃপূর্বে আবেদনকৃত প্রার্থীগণ বিদ্যমান ছবি ব্যবহার করে আবেদন করতে পারবেন। তবে নতুন প্রার্থীকে অবশ্যই Online Application Form এর নির্ধারিত স্থানে 600x600 pixel এর কম বা বেশী নয় এবং file size 100 KB এর বেশী নয় এরূপ মাপের অনধিক তিন মাস পূর্বে তোলা রঙিন ছবি (সাদা ব্যাকগ্রাউন্ড সম্বলিত) scan করে আপলোড করতে হবে। ছবি তোলার সময় মুখ ও কানের উপর আবরণ রাখা যাবে না। **সাদাকালো ছবি এবং Informal ছবি গ্রহণযোগ্য হবে না।**

পূর্ব পৃষ্ঠার পরঃ

ঙ. **স্বাক্ষর (Signature)**: Online Application Form এর নির্ধারিত স্থানে 300x80 pixel এর কম বা বেশী নয় এবং file size 60 KB এর বেশী নয় এরূপ মাপের প্রার্থীর নিজের স্বাক্ষর scan করে আপলোড করতে হবে। আপলোডকৃত প্রার্থীর স্বাক্ষর অবশ্যই সাদা কাগজের উপর কালো কালিতে প্রদত্ত হতে হবে।

চ. **অর্জিত ডিগ্রীর ফলাফলের তারিখ:** Online Application Form এর নির্ধারিত ঘরে পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত সংশ্লিষ্ট ডিগ্রীর ফলাফল প্রকাশের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

ছ. **বিদেশী ডিগ্রীধারী প্রার্থী:** প্রার্থী 'O' Level ও 'A' Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/ বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য মৌখিক পরীক্ষার সময় চেকিং বোর্ডে অবশ্যই উপস্থাপন করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

জ. **CV ID No. গ্রহণ:** বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে ইতঃপূর্বে আবেদনকৃত প্রার্থীদের বিদ্যমান CV ID No. এবং Password ব্যবহার করে **Online Application Form** পূরণ করতে হবে। নতুন আবেদনকারীগণ ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) এর মাধ্যমে **Online Application Form** এর প্রয়োজনীয় ঘরগুলো পূরণ করলে একটি CV ID No. এবং Password প্রাপ্ত হবেন। প্রাপ্ত CV ID No. এর ১ম অংশ [হাইফেনের(-) পূর্বের অংশ] আবেদন ফি প্রদানের ক্ষেত্রে ব্যবহৃত হবে ।

ঝ. **আবেদন ফি প্রদান পদ্ধতি:** আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে https://erecruitment.bb.org.bd/onlineapp/rocketpreepay.pdf ওয়েবসাইটটি ভিজিট করতে হবে। Prepaid পদ্ধতিতে একজন আবেদনকারী এজেন্ট অথবা নিজের একাউন্ট এর মাধ্যমে নির্ধারিত **Job ID No** এবং প্রার্থীর CV ID No. এর ১ম অংশ [হাইফেনের(-) পূর্বের অংশ] এর বিপরীতে আবেদন ফি প্রদান করবেন। আবেদন ফি প্রদান করলে প্রার্থী জমাকৃত ফি এর বিপরীতে একটি Txn ID নম্বর পাবেন।

ঞ. **Tracking Page সংগ্রহ :** ফি প্রদানের পর বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইটে সংরক্ষিত প্রার্থীর Online Application Form এর নির্ধারিত ঘরে Txn ID নম্বরটি বসালে ফি প্রদানের verification সাপেক্ষে তাঁকে একটি Tracking ID No. প্রদান করা হবে। Tracking ID No. প্রাপ্ত হলেই প্রার্থীর আবেদন যথাযথভাবে সম্পন্ন হয়েছে বলে বিবেচিত হবে। Tracking ID No. সম্বলিত Tracking Page টি ভবিষ্যতে ব্যবহারের জন্য প্রিন্ট করে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। কোনো অবস্থাতেই Tracking Page এর Duplicate Copy সরবরাহ করা হবে না।

বিশেষ দ্রষ্টব্য: শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র পূরণ ও নির্ধারিত ফি প্রদান করতঃ Tracking Page টি হার্ডকপি আকারে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

১১. **Online Application Form** এ প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী জেলা, জন্ম তারিখ, ছবি, স্বাক্ষরসহ অন্যান্য তথ্য অত্যন্ত সতর্কতার সাথে নির্ভুলভাবে নিজে পূরণ করতে হবে। **Online Application Form এ প্রদত্ত সার্বিক তথ্য, ছবি, স্বাক্ষর ইত্যাদি verification সাপেক্ষে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নির্বাচন করা হবে।**

১২. প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের প্রবেশপত্র ও নির্বাচনী পরীক্ষার তারিখ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট ও দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশ করা হবে। উল্লেখ্য, প্রার্থীদের অবহিতকরণের জন্য বাংলাদেশ ব্যাংকের পক্ষ হতে এসএমএস/ই-মেইল/ফোন/পত্র প্রেরণ বা অন্য কোনো মাধ্যমে কোনো প্রকার যোগাযোগ করা হবে না।

১৩. প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষা এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৪. প্রার্থীদেরকে Online আবেদনের সময় কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে অনলাইন আবেদনে প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার দিন জমা প্রদান করতে হবে। **Online Application Form** এ প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইয়ান্তে কোনো substantive ত্রুটি ধরা পড়লে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না। তাছাড়া, মৌখিক পরীক্ষা শেষে প্যানেল প্রস্তুতিকালে কোনো প্রকার ত্রুটি পরিলক্ষিত হলেও প্রার্থীকে প্যানেলভুক্ত করা হবে না।

১৫. চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার দিন উক্ত অনুমোদনের কপি প্রদর্শন করতে হবে।

১৬. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী সর্বশেষ নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৭. রূপালী ব্যাংক লিমিটেড প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/=
(আরিফ হোসেন খান)
মহাব্যবস্থাপক ও সদস্য সচিব
ব্যাংকার্স সিলেকশন কমিটি